

স্মারক নং-রাক/.....১৩৬৬

তারিখ: ০৫/১১/২০১৬

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শেষ পর্ব মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: ০৩/১১/২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে ১৫/১১/২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত।

২। প্রার্থীদের জন্য জ্ঞাতব্য

(ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকে প্রাথমিক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে।

(খ) অনলাইনে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৯০/- (তিনশত নব্বই) টাকা ০৭/১১/২০১৬ থেকে ১৬/১১/২০১৬ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিচে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে। অতঃপর প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রটি ০৭/১১/২০১৬ থেকে ১৬/১১/২০১৬ তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে কলেজে জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।

(গ) প্রাথমিক আবেদনপত্র বাবদ ফিস জমা

শিক্ষার্থীদের রাজশাহী কলেজ ওয়েবসাইট (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন প্রাথমিক আবেদনপত্র সম্পাদনের পর জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত রোল নম্বর এক বিষয়ের নাম ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ০৭/১১/২০১৬ হতে ১৬/১১/২০১৬ তারিখ পর্যন্ত জমা দেয়া যাবে।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল অ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে \*৩২২# ডায়াল করে মেনুতে যান।

খ) '1' (One) নং পেমেণ্ট সিলেক্ট করুন।

গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।

ঘ) Bill No-এ আপনার জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ভর্তি রোল নম্বর দিন।

ঙ) টাকার পরিমাণ ( ৩৯০/- ) লিখুন।

চ) চার সংখ্যার "পিন" টাইপ করুন।

ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।

জ) প্রাপ্ত Trx ID নম্বরটি সংরক্ষণ করুন।

DBBL Help Line- ১৬২১৬ (তথ্য পাওয়ার প্রয়োজনে)

(ঘ) রাজশাহী কলেজে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমাদানের জন্য www.rc.edu.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে পূরণ করে Payment Slip পাওয়া যাবে যা প্রিন্ট করে মূল আবেদনপত্রের (জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত) সাথে অবশ্যই জমা দিতে হবে।

(ঙ) প্রিন্টকৃত প্রাথমিক আবেদনপত্র।

(চ) স্নাতক (সম্মান)/স্নাতক(পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।

৩। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা

ক্রঃ নং	ভর্তিছু কোর্স ও বিষয়	কোর্সের মেয়াদকাল	ভর্তির ন্যূনতম যোগ্যতা
১	এম.এ. বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন এবং আরবি।	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ হতে হবে
২	এম.এস.এস. অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান।		জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও এক বছর মেয়াদী স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ হতে হবে।
৩	এম.বি.এস. ব্যবস্থাপনা এবং হিসাববিজ্ঞান।		উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে
৪	এম.এস-সি. গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান এবং মনোবিজ্ঞান।		জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষায় Anthropology বিষয়ের শিক্ষার্থীরা Sociology বিষয়ে এবং Environmental Science বিষয়ের শিক্ষার্থীরা Geography and Environment বিষয়ে ভর্তি হতে পারবে।

\*\*\* জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ১ম পর্ব মাস্টার্স প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

৪। অনলাইন প্রাথমিক আবেদনপত্রের প্রিন্টকৃত কপি ও ফি জমা দেয়ার তারিখ ও সময়

তারিখ	সময়	স্থান
০৭/১১/২০১৬ থেকে ১৬/১১/২০১৬ পর্যন্ত (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)	সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত	তৃতীয় বিজ্ঞান ভবন নিচতলা

স্বাঃ  
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

তারিখ: ০৫/১১/২০১৬

স্মারক নং-রাক/.....১৩৬৬(২৫)

অকালতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।

২। অধ্যক্ষ, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০১৪-১৫ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।

৪। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।

৬। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।